দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 11 AUG 1989
পৃষ্ঠা ... ১ কলাম 5

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের প্রতীক ধর্মঘট পালিত

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ গতকাল বৃহস্পতিবার কাজ করেননি।

ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান পদে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর

(শেষ পৃ: ৪-এর ক: দেখুন)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পাতার পর)

অধ্যাপক আব্দুল মান্নান চৌধুরীর নিয়োগ বাতিলের দাবীতে শিক্ষক সমিতির ডাকে গতকালের প্রতীক ধর্মঘট পালিত হয়। শিক্ষক সমিতি এই নিয়োগকে 'অবৈধ' বলে অভিযুক্ত করেছে এবং নিয়ম অনুযায়ী সিনিয়র শিক্ষক অধ্যাপক মঈনুল ইসলামকে চেয়ারম্যান পদে নিয়োগের দাবী জানিয়েছে।

দাবী মেনে নেয়ার জন্য শিক্ষক সমিতি আগামী সোমবার বিকেল ৫টা পর্যন্ত কর্তৃপক্ষকে আবার সময় দিয়েছে। এর মধ্যে দাবী না মেনে নেয়া হলে পরবর্তীতে শিক্ষক সমিতি যে কর্মসূচী নেবে তার মধ্যে উপাচার্যের পদত্যাগের দাবীও অন্তর্ভুক্ত হতে পারে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

### কর্তৃপক্ষের বক্তব্য

ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান নিয়োগকে কেন্দ্র করে উদ্ভূত পরিস্থিতির পরিপ্রেক্ষিতে গতকাল কর্তৃপক্ষের দেয়া বক্তব্যে বলা হয়: এই নিয়োগ বে-আইনী ও বিধিবহির্ভূত নয়। গত ১০ই জুলাই এই নিয়োগের তারিখ ছিল এবং তার আগে দু'জন শিক্ষকের মধ্যে কে সিনিয়র তা নির্ধারণ করা সম্ভব না হওয়ায় আইনজ্ঞের পরামর্শ অনুযায়ী অধ্যাপক মান্নান চৌধুরীকে নিয়োগ করা হয়। শিক্ষক সমিতির দাবীর পরিপ্রেক্ষিতে ইতিমধ্যেই এই নিয়োগ স্থগিত রাখা হয়েছে এবং আরো অভিজ্ঞ আইনজীবীর পরামর্শের ভিত্তিতে সিণ্ডিকেটে এবিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে।